গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন -০৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সূচক ৩.৪ এর আওতায় 'ময়মনসিংহ নার্সিং কলেজ, ময়মনসিংহ পর্যবেক্ষণ ও মানোন্নয়ন'- কমিটির পর্যবেক্ষণ ও পরিদর্শন কার্যক্রমের প্রতিবেদন**

গত ২৯-১২-২০২২ খ্রি. তারিখে অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) ও সভাপতি 'ময়মনসিংহ সরকারি নার্সিং কলেজ, ময়মনসিংহ পর্যবেক্ষ ও মানোন্নয়ন কমিটি' এর নির্দেশনায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ফোকাল পারসন এবং উক্ত কমিটির সদস্য জনাব অ নূর মোঃ শামসুজ্জামান ,যুগ্মসচিব এর নেতৃত্বে গঠিত কমিটি ময়মনসিংহ সরকারি নার্সিং কলেজ পরিদর্শন করেন। পরিদর্শন শেষে চলম অর্থবছরের প্রথম কোয়ার্টারে গত ০৩-০৯-২০২২ খ্রি. তারিখে "ময়মনসিংহ সরকারি নার্সিং কলেজ পর্যবেক্ষণ ও মানোন্নয়ন" শীর্ষক কার্যক্র সরেজমিনে পরিদর্শন পূর্বক গৃহীত সিদ্ধান্ত সমূহের যেসব বাস্তবায়ন অগ্রগতি পরীলক্ষিত হয় তা নিম্নরুপ:

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|
| 1. | Language Club প্রতিষ্ঠাকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগের মাধ্যমে ক্লাব সচল রাখার সিদ্ধান্ত গৃহীত। | প্রিন্সিপাল জানিয়েছেন যে, মৌখিকভাবে যোগাযোগ করা হয়েছে। কোন যথাযথ প্রতিষ্ঠানের খোঁজ পাওয়া যায় নাই। | বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচ করে Language Clu এর দরপত্র আহবানকারী দং সংস্থার মাধ্যমে যোগাযে করার জন্য নির্দেশনা প্রদান ক হয়। |
| 2. | Computure Lab এবং Sound system এর জন্য বরাদ্দ চেয়ে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের চিঠি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | Computure Lab এবং Sound system সচল রাখার জন্য স্মারক নং- মনাক/2022/773 তারিখ-29/08/2022 খ্রি. তারিখে বরাদ্দ চেয়ে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে চিঠি প্রেরণ করা হয়েছে। | নার্সিং ও মিডওয়াইফা অধিদপ্তরে ব্যক্তিগত যোগাযে অব্যাহত রাখার নির্দেশনা প্রদ করা হয়। |
| 3. | নতুন অর্গানোগ্রাম অনুযায়ী জনবলের চাহিদা নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | নতুন অর্গানোগ্রাম অনুযায়ী জনবলের চাহিদা নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের স্মারক নং- মনাক/2022/985 তারিখ- 19/12/2022 ইং প্রেরন করা হয়েছে। | বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচ করে নার্সিং ও মিডওয়াইফা অধিদপ্তরে তাগিদপত্র প্রেরণে জন্য প্রিন্সিপাল-কে নির্দেশ প্রদান করা হয়। |
| 4. | জলাবদ্ধতা দূর করার জন্য মাঠে মাটি ভরাটের জন্য গণপূত অধিদপ্তরকে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | জলাবদ্ধতা দূর করার জন্য মাঠে মাটি ভরাটের নিমিত্তে গণপূর্ত অধিদপ্তরকে স্মারক নং-মনাক/2022/982 তাং- 19/12/2022 খ্রি পত্র দেওয়া হয়েছে। | ব্যক্তিগত যোগাযোগ অব্যাহ রাখার নির্দেশনা প্রদান করা হয় |
| 5. | ক্যাম্পাসে ওয়াইফাই সংযোগ প্রদান করার জন্য মেয়র, ময়মনসিংহ পৌরসভাকে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র মহোদয়ের সহযোগিতায় পুরো ক্যাম্পাসে ওয়াইফাই সংযোগ স্থাপন করা হয়েছে। বর্তমানে উদ্বোধনের অপেক্ষাধীন রয়েছে। | মেয়র, ময়মনসিংহ সি কর্পোরেশন মহোদয় কে ধন্যব এবং কৃতজ্ঞতা জ্ঞপন করা হয়। |
| 6. | অবিলম্বে শূন্যপদ পুরনে নার্সিং অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে। | স্মারক নং-মনাক/2022/925 তাং- 17/11/2022 ইং মোতাবেক নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, | নার্সিং ও মিডওয়াইফা অধিদপ্তরে ব্যক্তিগত যোগাযে অব্যাহত রাখার নির্দেশনা প্রদ |

| | | | |
|---|---|---|---|
| | | ঢাকায় জনবলের চাহিদা প্রেরন করা হইয়াছে। | করা হয়। |
| 7. | ইনডোর গেইমস এর সুবিধা বৃদ্ধি করার জন্য অধ্যক্ষকে নির্দেশনা দেয়া । | ছাত্র/ছাত্রীদের জন্য আলাদা আলাদা ভাবে দাবা, লুডু,কেরাম, বেডমিন্টন, ফুটবল, ক্রিকেট ব্যাট ও বল এর ব্যবস্থা করা হয়েছে। | খেলাধুলার পরিবেশ অব্যা রাখার নির্দেশনা প্রদান করা হ |
| 8. | নতুন হোস্টেল ভবনে ডাইনিং চালু করা, খাওয়ার পানির লাইন স্থাপন, সিকিউরিটি গার্ড এর ব্যবস্থা করা , বর্জ্য ব্যবস্থাপনার জন্য প্রতি ফ্লোরে ডাস্টবিন এর ব্যবস্থা করা এবং নতুন হোস্টেল এর প্রতি ফ্লোরে বেসিনে জমা পানি দূর করার ব্যবস্থা করতে হবে। | সমস্যাসমূহ দূরীকরণে কর্তৃপক্ষের আন্তরিকতা এবং সদিচ্ছার অভাব পরীলক্ষিত হয়েছে। | আগামী তিন মাসের মধ্যে সমস্যসমূহ দূরীকরনে কার্য গ্রহনের জন্য নির্দেশনা প্র করা হয়। |
| 9. | ভবন দুটির সংস্কার এবং ড্রেনেজ সিস্টেম ঠিক করার জন্য গণপূত বিভাগকে পত্র প্রদান করতে হবে। গণপূত বিভাগ তদনুযায়ী ব্যবস্থা গ্রহন করবে। | ভবন সংস্কার/ড্রেনেজ সিস্টেম সংস্কারের জন্য স্মারক নং-মনাক/2022/983 তাং- 19/12/2022 ইং মোতাবেক পত্র দেওয়া হয়েছে। | ব্যক্তিগত যোগাযোগ অব্যা রাখার নির্দেশনা প্রদান করা হ |
| 10. | স্টুডেন্ট কাউন্সিল বা ছাত্র কল্যাণমূলক কোন সংগঠন গঠন, অভিযোগ বাক্স স্থাপন, সিটিজেন চার্টার হালনাগাদকরন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা চালুকরন, যৌন হয়রানি প্রতিহত করার জন্য মহিলা শিক্ষকদের নিয়ে কমিটি গঠন, ওয়েব সাইট হালনাগাদ করা, তথ্য প্রদানকারী কমকর্তার নাম ওয়েব সাইটে প্রকাশ করা, নিজস্ব কেনাকাটার জন্য ক্রয় কমিটি গঠন ও পিপিআর অনুসারে কেনাকাটা করার ব্যবস্থা করতে হবে। | সিটিজেন চার্টার হালনাগাদ রয়েছে। অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও যৌন হয়রানি প্রতিরোধ করার লক্ষ্যে যৌন হয়রানি প্রতিরোধ কমিটি স্মারক নং-মনাক/2022/892 তারিখ-29/10/2022 ইং। অভিযোগ নিষ্পত্তি কমিটি স্মারক নং-মনাক/2022/854(3) তাং-11/10/2022 ইং। ক্রয় কমিটি স্মারক নং-মনাক/2022/87/(4) তারিখ-18/02/2022 মোতাবেক কমিটি গঠন করা হইয়াছে। | স্টুডেন্ট কাউন্সিল বা কল্যাণমূলক কোন সংগঠন করা হয়নি। অভিযোগ স্থাপন করা হয়নি। প্রদানকারী কমকর্তার নাম ও সাইটে প্রকাশ করা হয় ওয়েবসাইট হালনাগাদকরণ হয়নি। আগামী তিন মা মধ্যে উক্ত কার্যক্রম সমূহ সম্পন্ন করার নির্দেশনা প্র করা হয়। |
| 11. | বিদ্যুৎ সাশ্রয় ও দুর্ঘটনা রোধ করার জন্য রুমে রুমে হিটার জ্বালানো বন্ধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অধ্যক্ষকে নির্দেশনা দেয়া হয়। | হোস্টেল সমূহে হিটার বন্ধ করা হইয়াছে। অফিস ভবন সমূহে বিদ্যুৎ সাশ্রয়ী বাল্ব ব্যবহার করা হচ্ছে। | বিদ্যুৎ সাশ্রয় ও দুর্ঘটনা করার জন্য হোস্টেল স হিটার বন্ধ রাখার জন্য ঝটি পরিদর্শ করার নির্দেশনা প্র করা হয়। |
| 12. | প্রতি মাসে হোস্টেল সহ সম্পূর্ন ক্যাম্পাসের আবর্জনা পরিস্কারের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিটি কর্পোরেশনের মাধ্যমে হোস্টেলের আবর্জনা পরিষ্কার করার ব্যবস্থা করা হয়েছে। | মেয়র, ময়মনসিংহ সি কর্পোরেশন মহোদয় কে ধন্য এবং কৃতজ্ঞতা জ্ঞপন করা হয় |
| 13. | সৌন্দর্য বধনের জন্য মৌসুমী ফুল এবং ফল জাতীয় বৃক্ষ রোপনের সিদ্ধান্ত গৃহীত হয়। সহযোগিতার জন্য বিভাগীয় বন কর্মকর্তা এবং জেলা প্রশাসককে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক্যাম্পাসে ফুল বাগান,বনজ, ফলজ ও ঔষধি বৃক্ষ রোপন করা হয়েছে। | বৃক্ষ রোপন এবং পরি অব্যাহত রাখার নির্দেশনা প্র করা হয়। |
| 14. | নীতিমালা মোতাবেক পুরাতন ঝুঁকিপুর্ণ বৃক্ষ কাটার উদ্যোগ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | নীতিমালা মোতাবেক বনবিভাগকে স্মারক নং- মনাক/2022/1009 তারিখ- 28/12/2022 ইং মোতাবেক পত্র প্রেরণ করা হয়েছে। | ব্যক্তিগত যোগাযোগ অব্যা রাখার নির্দেশনা প্রদান করা হ |
| 15. | লাইব্রেরীতে বই বৃদ্ধি সহ অবকাঠামোগত সুবিধা | বই বৃদ্ধি করা হইয়াছে এবং সকাল | একাডেমিক পাঠ্যবই |

| | | | |
|---|---|---|---|
| | বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। | 8.00 হইতে 2.00ঘটিকা পযন্ত লাইব্রেরী খোলা রাখা অব্যাহত রয়েছে। | পাশাপাশি বাংলাদেশে মুক্তিযুদ্ধ, ইতিহাস, ঐতি বিষয়ক বই সংগ্রহ কর নির্দেশনা প্রদান করা হয়। |
| 16. | ক্যাম্পাসের দলিল, খতিয়ান সংগ্রহ করে ভূমি উন্নয়ন কর প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অধ্যক্ষকে নির্দেশ দেয়া হয়। | ভূমি অফিসে যোগাযোগ করে অত্র কলেজের খতিয়ান এবং মৌজা ম্যাপ সংগ্রহ এবং মিউটেশন প্রক্রিয়া সম্পন্ন করে খাজনা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। | যোগাযোগ অব্যাহত রাখ নির্দেশনা প্রদান করা হয়। |
| 17 | ল্যাব সমূহে আধুনিক যন্ত্রপাতি / উপকরন সরবরাহের জন্য নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে পত্র প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ল্যাব সমূহে আধুনিক যন্ত্রপাতি / উপকরনের জন্য চাহিদা পত্র নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে স্মারক নং-মনাক/2019/667 তারিখ-07/10/2019 ইং প্রেরন করা হইয়াছে। | নার্সিং ও মিডওয়াইফা অধিদপ্তরে ব্যক্তিগত যোগাযে অব্যাহত রাখার নির্দেশনা প্রদ করা হয়। |
| 18. | কমিটি গঠনের মাধ্যমে ছাত্র-ছাত্রী হোস্টেল সমূহের অধ্যয়নের পরিবেশ এবং ডাইনিং এর খাবারের মান নিশ্চিতকরনের জন্য অধ্যক্ষকে নির্দেশনা দেয়া হয়। | হোস্টেল তদারকি কমিটি ডাইনিং এ খাবার সুষ্ঠু ব্যবস্থাপনা/রাত্রি কালীন উপস্থিতি নিশ্চিত করনের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। | হোস্টেল তদারকি কমি ডাইনিং এ খাবার স ব্যবস্থাপনা/রাত্রি কালী উপস্থিতি নিশ্চিত করনের লক্ষে রেজিস্টার ব্যবহারের নির্দেশ প্রদান করা হয়। |
| 19 | অডিটোরিয়ামের সাজসজ্জা বৃদ্ধির মাধ্যমে সুসজ্জিতকরনের জন্য অধ্যক্ষকে নির্দেশনা দেয় হয়। | ডিজিটাল সাউন্ড সিস্টেম এবং মঞ্চ পুনসংস্কার করা হয়েছে। | অডিটোরিয়াম পরিস্কার পরিচ্ছ রাখার নির্দেশনা প্রদান করা হয় |
| 20. | করিডোর, প্রবেশ পথের দু পাশে গাছ লাগিয়ে সৌন্দর্য বৃদ্ধির জন্য অধ্যক্ষকে নিদের্শ দেয়া হয়। | সৌন্দর্যবর্ধন কার্যক্রম চলমান আছে। | সৌন্দর্যবর্ধন কার্যক্রম অব্যাহ রাখার নির্দেশনা প্রদান করা হয় |

অসম্পন্ন কার্যক্রম সমূহ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহন করে মান সম্মত এবং গুনগত শিক্ষা গ্রহন পরিবেশ নিশ্চিত করনের জন্য সংশিষ্ট সকল কে নির্দেশনা প্রদান করা হয়।

২৯/১২/২২
আবু নূর মোঃ শামসুজ্জামান
যুগ্মসচিব ও ফোকাল পারসন,
শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

০১. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা;
০২. অতিরিক্ত সচিব (প্রশাসন / চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০৩. যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০৪. জেলা প্রশাসক, ময়মনসিংহ;
০৫. পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা;
০৬. উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০৭. সিভিল সার্জন, ময়মনসিংহ;
০৮. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৩), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০৯. রেজিস্ট্রার, নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকা;
১০. অধ্যক্ষ, ময়মনসিংহ সরকারি নার্সিং কলেজ, ময়মনসিংহ;
১১. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ময়মনসিংহ;
১২. নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ;

**অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:**

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০২. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণা ঢাকা;
০৩. অফিস কপি।

২৯/১২/২২

আবু নূর মোঃ শামসুজ্জামান
যুগ্মসচিব ও ফোকাল পারসন,
শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়